



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১  
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

তারিখ: ১৬.১২.২০২৩

### প্রেস রিলিজ

#### পাবিপ্রবিতে মহান বিজয় দিবস উদযাপন

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আজ শনিবার (১৬ ডিসেম্বর) যথাযথ মর্যাদায় মহান বিজয় দিবস উদযাপন করা হয়েছে। এ উপলক্ষে সকাল ১০টায় উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন, উপ-উপাচার্য অধ্যাপক ড. এস এম মোস্তফা কামাল খান এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কে এম সালাহ উদ্দীন-এর উপস্থিতিতে জাতীয় সঙ্গীতের মধ্য দিয়ে ক্যাম্পাসে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয় পতাকা উত্তোলন করা হয়। পরে আনসার সদস্য এবং বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট সদস্যরা উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন'কে গার্ড অব অনার প্রদান করেন।

এরপর প্রশাসন ভবনের সামনে থেকে শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারী এবং উপাচার্যের পরিবারের সদস্যদের অংশগ্রহণে বিজয় র্যালি বের হয়ে ক্যাম্পাস প্রদক্ষিণ করে বিশ্ববিদ্যালয়ের স্বাধীনতা চত্বরে গিয়ে শেষ হয়। র্যালি শেষে প্রশাসনের পক্ষে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন, উপ-উপাচার্য অধ্যাপক ড. এস এম মোস্তফা কামাল খান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কে এম সালাহ উদ্দীন এবং রেজিস্ট্রার বিজন কুমার ব্রহ্ম স্বাধীনতা চত্বরে মহান মুক্তিযুদ্ধে শহিদদের স্মৃতির প্রতি শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন।

আরও শ্রদ্ধাঞ্জলি করে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ, দপ্তর, হল প্রশাসন, সমিতি, উপাচার্যের পরিবার, বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন।

এ সময় উপস্থিত ছিলেন ফার্স্ট ক্যাপিটাল ইউনিভার্সিটি অব বাংলাদেশ-এর সাবেক উপাচার্য অধ্যাপক ড. হযরত আলী, পাবিপ্রবি প্রক্টর ড. মো. কামাল হোসেন, ছাত্র উপদেষ্টা ড. মো. নাজমুল হোসেন'সহ বিভিন্ন অনুষদের ডিন, হল প্রভোস্ট, বিভাগীয় চেয়ারম্যান, শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

অনুষ্ঠান সঞ্চালনা করেন জনসংযোগ ও প্রকাশনা দপ্তরের অতিরিক্ত পরিচালক মো. ফারুক হোসেন চৌধুরী। বাদ যোহর কেন্দ্রীয় মসজিদে দোয়ার আয়োজন করা হয়।

#### বার্তা প্রেরক

(মো.বাবুল হোসেন)

সহকারী পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।